# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৩

৩/ ইলম বা জ্ঞান (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৪৮/ হাদিস পড়া ও মুহাদ্দিসের কাছে পেশ করা

## আরবী

## বাংলা

৬৩। মূসা ইবন ইসমা’ঈল (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করার ব্যাপারে কুরআনুল করীমে আমাদের নিষেধ করা হয়েছিল। আমরা পছন্দ করতাম, গ্রাম থেকে কোন বুদ্ধিমান ব্যক্তি এসে তাঁর কাছে প্রশ্ন করুক আর আমরা তা শুনি। তারপর একদিন গ্রাম থেকে একজন লোক এসে বলল, আমাদের কাছে আপনার একজন দূত গিয়েছে। সে আমাদের খবর দিয়েছে যে, আপনি বলেন, আল্লাহ্ তা’আলা আপনাকে রাসূলরূপে পাঠিয়েছেন। তিনি বললেনঃ সে সত্য বলেছে। সে বলল, আসমান কে সৃষ্টি করেছেন? তিনি বললেনঃ মহিমাময় আল্লাহ্ তা’আলা। সে বলল, পৃথিবী ও পর্বতমালা কে সৃষ্টি করেছেন? তিনি বললেনঃ মহিমাময় আল্লাহ্ তা’আলা। সে বলল, এসবের মধ্যে উপকারী বস্তুসমূহ কে রেখেছেন? তিনি বললেনঃ মহিমাময় আল্লাহ্ তা’আলা। সে বলল, তাহলে যিনি আসমান সৃষ্টি করেছেন, যমীন সৃষ্টি করেছেন, পর্বত স্থাপন করেছেন এবং তার মধ্যে উপকারী বস্তুসমূহ রেখেছেন, তাঁর কসম, সেই আল্লাহ্ই কি আপনাকে রাসূলরূপে পাঠিয়েছেন? তিনি বললেনঃ হ্যাঁ।

সে বলল, আপনার দূত বলেছেন যে, আমাদের উপর পাঁচ ওয়াক্ত সালাত আদায় করা এবং আমাদের মালের যাকাত দেওয়া অবশ্য কর্তব্য। তিনি বললেনঃ সে সত্য বলেছে। সে বলল, যিনি আপনাকে রাসূল করে পাঠিয়েছেন, তাঁর কসম, আল্লাহ্ই কি আপনাকে এর আদেশ দিয়েছেন? তিনি বললেনঃ হ্যাঁ, সে বলল, আপনার দূত বলেছেন যে, আমাদের উপর বছরে একমাস সাওম পালন অবশ্য কর্তব্য। তিনি বললেনঃ সে সত্য বলেছে। সে বলল, যিনি আপনাকে রাসূল করে পাঠিয়েছেন তাঁর কসম, আল্লাহ্ই কি আপনাকে এর নির্দেশ দিয়েছেন? তিনি বললেনঃ হ্যাঁ। সে বলল, আপনার দূত বলেছেন যে, আমাদের মধ্যে যার যাতায়াতের সামর্থ্য আছে, তার উপর বায়তুল্লাহর হজ্জ করা অবশ্য কর্তব্য। তিনি বললেনঃ সে সত্য বলেছে। সে বলল, যিনি আপনাকে রাসূল করে পাঠিয়েছেন তাঁর কসম, আল্লাহ্ই কি আপনাকে এর নির্দেশ দিয়েছেন? তিনি বললেনঃ হ্যাঁ, লোকটি বলল, যিনি আপনাকে সত্য দ্বীন দিয়ে পাঠিয়েছেন, তাঁর কসম, আমি এতে কিছু বাড়াবোও না, কামাবোও না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ’সে যদি সত্য বলে থাকে তবে অবশ্যই সে জান্নাতে দাখিল হবে।’

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন